



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপ পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর।
cdb.rangpurdiv.gov.bd

কৃষিই সমৃদ্ধি

তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরের ২০২৪-২৫ মৌসুমের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন (NIS) এর ১.১ ক্রমিক মোতাবেক নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আবু ইলিয়াস মিঞা উপপরিচালক
সভার তারিখ	০৫ আগস্ট ২০২৪ খ্রিঃ
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

বিগত ০৫/০৮/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরের ২০২৪-২৫ মৌসুমের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন (NIS) এর ১.১ ক্রমিক মোতাবেক নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভা উপপরিচালক মহোদয়, রংপুর অঞ্চলের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
০১	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রংপুরের সিটিজেন চার্টার হালনাগাদকরণ এর বিষয়ে সভায় উপস্থিত সকলে আলোকপাত করেন।	চলতি অর্থবছরে ১ম ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদকরণ সম্পন্ন করতঃ তা সদর দপ্তরে অগ্রায়নের ব্যবস্থা গ্রহণের জন্য অত্র দপ্তরের এসসিএফএম কে নির্দেশনা প্রদান করা হয়।
০২	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.২ ক্রমিক মোতাবেক সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা অত্র অঞ্চলের কোন একটি জোনাল কার্যালয়ে আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়।	ঠাকুরগাঁও জোনাল কার্যালয়ে সভাটি আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।
০৩	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	এ অঞ্চলে কর্মরত কর্মকর্তা/কর্মচারী/ অফিস স্টাফ গণের মধ্যে হতে ১০ (দশ) জন কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এর বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোকপাত করেন।	প্রশিক্ষণটি রাজশাহী জোনাল কার্যালয়ে সম্পন্ন করতঃ সংশ্লিষ্ট জোনের ১০ (দশ) জন কর্মকর্তা/কর্মচারী/ অফিস স্টাফ কে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হলো।
০৪	তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনা	তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরন সভাটি এ অঞ্চলের আওতাধীন জোন সমূহের মধ্যে কোন একটি ইউনিটে সম্পন্ন করার জন্য সভায় আলোচনা হয়।	সভাটি ঠাকুরগাঁও জোনের ঠাকুরগাঁও সদর ইউনিটে আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪-০৯-২০২৪


মোঃ আবু ইলিয়াস মিঞা
উপপরিচালক

২০ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ১২.০৭.৫৫৮৫.৪০০.১৬.০০২.১৯.৩২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব), নির্বাহী পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
- ২। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড- রংপুর/ঠাকুরগাঁও/বগুড়া/রাজশাহী জোন। এবং
- ৩। তুলা উন্নয়ন কর্মকর্তা, আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড।



সকল সংযুক্তিসমূহ:

- (১) উপস্থিতি

০৪-০৯-২০২৪

এস. এম. জাকারিয়া

স্টোর কাম ফিল্ডম্যান (রুটিন দায়িত্ব)